

Sura 2, The Heifer (Al-Baqarah)

সুরা ২, বকনা বাছুর (আল্-বাক্বারাহ্)

*Kill Your Ego**

*তোমাদের অহমকে মেরে ফেল**

[2:54] Recall that Moses said to his people, "O my people, you have wronged your souls by worshiping the calf. You must repent to your Creator. You shall kill your egos. This is better for you in the sight of your Creator." He did redeem you. He is the Redeemer, Most Merciful.

[২:৫৪] স্মরণ কর যে মূসা তার জাতিকে বলেছিল , "হে আমার জাতি! তোমরা বাছুরকে পূজা করে নিজেদের আত্মার সাথে বড় অন্যায় করেছ। তোমাদেরকে তোমাদের সৃষ্টিকর্তার কাছে অবশ্যই অনুশোচনা করতে হবে। তোমরা নিজেদের অহমিকাকে মেরে ফেলবে। তোমাদের সৃষ্টিকর্তার দৃষ্টিতে তোমাদের জন্য এটি বেশি কল্যাণকর।" তিনি কিন্তু তোমাদেরকে উদ্ধার করে নিয়েছিলেন। তিনিই উদ্ধারকর্তা, পরম দয়ালু।

**2:54 It is the ego that led to Satan's fall. It is the ego that caused our exile to this world, and it is the ego that is keeping most of us from redemption to God's Kingdom.*

**২:৫৪ শয়তানের পতনের কারণ তো ছিল এই অহমই। এই অহমের কারণেই তো পৃথিবীতে আমাদের নির্বাসন , আর এটিই সেই অহম যা আমাদের অধিকাংশকে পাপ থেকে মুক্ত হয়ে আল্লাহ্ র রাজত্বে ফিরে যাওয়া থেকে ধরে রাখছে।*

*Physical Evidence**

বাস্তব প্রমাণ

[2:55] Recall that you said, "O Moses, we will not believe unless we see GOD, physically." Consequently, the lightning struck you, as you looked.

[২:৫৫] স্মরণ কর যে তোমরা বলেছিলে, "হে মূসা, আমরা বিশ্বাস করবো না, যদি না আমরা আল্লাহ্কে বাস্তবে দেখতে পাই।" যার ফলে, তোমাদের দেখতেই তোমরা বজ্রাহত হলে।

**2:55 It is noteworthy that the word "GOD" in this verse is the 19th occurrence, and this is the verse where the people demanded "physical evidence." The Quran's mathematical code, based on the number 19, provides such physical evidence. Note also that $2+55=57=19 \times 3$.*

**২:৫৫ এটি লক্ষ্য করার বিষয় যে এই আয়াতে 'আল্লাহ্' শব্দটি ১৯তম বার ব্যবহার করা হয়েছে, আর এই আয়াতেই মানুষগণ "বাস্তবিক প্রমাণ" -এর দাবী করেছে। কোরআনের গাণিতিক সঙ্কেত, যা ১৯ সংখ্যার উপর ভিত্তি, বাস্তব প্রমাণ জুটিয়া দেয়। আরো দেখুন, $2+55=57=19 \times 3$ ।*

[2:56] We then revived you, after you had died, that you may be appreciative.

[২:৫৬] আমরা তখন তোমাদেরকে পুনরায় জীবনদান করলাম তোমরা মারা যাওয়ার পর , যেন তোমরা কৃতজ্ঞ হও।

[2:57] We shaded you with clouds (in Sinai), and sent down to you manna and quails: "Eat from the good things we provided for you." They did not hurt us (by rebelling); they only hurt their own souls.

[২:৫৭] আমরা তোমাদেরকে (তুর পর্বতে) মেঘ দিয়ে ছায়া করেছিলাম , আর তোমাদের কাছে পাঠালাম মানা ও কোয়েলঃ "আমাদের সরবরাহ করা ভাল জিনিসগুলি হতে খাও।" বস্তুতঃ তারা (বিদ্রোহ করে) আমাদের কোন ক্ষতি করেনি; তারা কেবল নিজেদের আত্মারই ক্ষতি করেছিল।

Lack of Confidence in God: They Refuse to Enter Jerusalem

আল্লাহর প্রতি আস্থার অভাবঃ তারা জেরুজালিমে প্রবেশ করতে অমত হয়

[2:58] Recall that we said, "Enter this town, where you will find as many provisions as you like. Just enter the gate humbly, and treat the people nicely. We will then forgive your sins, and increase the reward for the pious."

[২:৫৮] স্মরণ কর যে আমরা বলেছিলাম, "এই শহরে প্রবেশ কর, যেখানে তোমরা তোমাদের মনমত নানান ধরণের জীবনের উপকরণ খুঁজে পাবে। শুধু সদর দরজা দিয়ে ঢোকান সময় নম্রতার সাথে প্রবেশ করবে, এবং মানুষের সাথে ভাল আচার-ব্যবহার করবে। আমরা তোমাদের পাপসমূহকে তাহলে ক্ষমা করে দেব, আর প্রভুভক্তদের পুরস্কার বাড়িয়ে চাড়িয়ে দেব।"

[2:59] But the wicked among them carried out commands other than the commands given to them. Consequently, we sent down upon the transgressors condemnation from the sky, due to their wickedness.

[২:৫৯] কিন্তু তাদের মাঝের অসৎরা তাদেরকে বলে দেওয়া আদেশাবলীভিন্ন অন্য কিছু সম্পাদন কর ল। ফলে, আমরা সীমালঙ্ঘনকারীদের প্রতি আকাশ থেকে পাঠালাম নিন্দা, তাদের দুষ্কর্তার কারণ বশত।

More Miracles

আরো কিছু আলৌকিক ঘটনা

[2:60] Recall that Moses sought water for his people. We said, "Strike the rock with your staff." Whereupon, twelve springs gushed out therefrom. The members of each tribe knew their own water. Eat and drink from GOD's provisions, and do not roam the earth corruptingly.

[২:৬০] স্মরণ কর যে মুসা তার জাতির জন্য পানির খোঁজ করেছিল। আমরা বললাম , "তোমার লাঠি দিয়ে পাথরটিকে আঘাত কর।" যার ফলে, সেখান থেকে বারটি ফোয়ারা প্রবল বেগে বের হল। প্রত্যেক গোষ্ঠীর সদস্যরা তাদের নিজ নিজ পানঘাট জানত। খাও এবং পান কর আল্লাহর দেওয়া খাদ্যসম্ভার থেকে, আর পৃথিবীতে দুর্নীতি করে বেড়াইও না।

Israel Rebels

ইজরেলের বিদ্রোহীরা

[2:61] Recall that you said, "O Moses, we can no longer tolerate one kind of food. Call upon your Lord to produce for us such earthly crops as beans, cucumbers, garlic, lentils, and onions." He said, "Do you wish to substitute that which is inferior for that which is good? Go down to Egypt, where you can find what you asked for." They have incurred condemnation, humiliation, and disgrace, and brought upon themselves wrath from GOD. This is because they rejected GOD's revelations, and killed the prophets unjustly. This is because they disobeyed and transgressed.

[২:৬১] স্মরণ কর যে তোমরা বলেছিলে, "হে মূসা! আমরা এক ধরণের খাবার আর সহ্য করতে পারছি না। আপনার পালনকর্তাকে ডেকে বলেন যেন তিনি আমাদের জন্য উৎপন্ন করে দেন জমিনের ফসল; যেমন সিম, শশা, রসুন, ডাল ও পিয়াজ।" সে বলল, "তোমরা কি যা উৎকৃষ্ট, তার সাথে নিকৃষ্ট বস্তুর বিনিময় করতে চাও? মিশরে চলে যাও, যেখানে তোমরা যা চেয়েছ তা পেতে পার।" তারা নিন্দা, অবমাননা, সম্মানহানি, আর আল্লাহর গভীর রাগ নিজেদের উপর টেনে নিল। এর কারণ হচ্ছে তারা আল্লাহর প্রকাশণাবলীকে প্রত্যাখ্যান করেছিল, আর নবীদের অন্যায়াভাবে হত্যা করেছিল। কেননা তারা অবাধ্যতা ও সীমালঙ্ঘন করেছিল।

Unity of All Submitters

সব আত্মসমর্পণকারীদের মাঝে একতা

[2:62] Surely, those who believe, those who are Jewish, the Christians, and the converts; anyone who (1) believes in GOD, and (2) believes in the Last Day, and (3) leads a righteous life, will receive their recompense from their Lord. They have nothing to fear, nor will they grieve.

[২:৬২] অবশ্যই, যারা বিশ্বাস স্থাপন করে, যারা ইহুদী, খ্রীস্টান, এবং ধর্মান্তরিত; যে কেউ (১) আল্লাহতে বিশ্বাস স্থাপন করে, এবং (২) শেষ দিনে বিশ্বাস আনে, ও (৩) এক সৎপথাবলম্বী জীবন যাপন করে, তারা তাদের পালনকর্তার কাছ থেকে তাদের প্রতিদান পাবে। তাদের জন্য কোন প্রকারের ভয়ভীতি নেই, আর না তারা দুঃখিত হবে।

Covenant with Israel

ইজরেলীদের সাথে অঙ্গীকার

[2:63] We made a covenant with you, as we raised Mount Sinai above you: "You shall uphold what we have given you strongly, and remember its contents, that you may be saved."

[২:৬৩] আমরা তোমাদেরকে এক অঙ্গীকারে অঙ্গীকারবদ্ধ করেছিলাম, যেমনি তোমাদের উপর তুর পর্বতকে তুলেছিলামঃ "আমরা যা তোমাদেরকে দিয়ে ছি, তোমরা তা দৃঢ়তার সাথে তুলে ধরবে, এবং এর বিষয়বস্তুসমূহকে মনে রাখবে, যাতে তোমরা রক্ষা পেতে পার।"

[2:64] But you turned away thereafter, and if it were not for GOD's grace towards you and His mercy, you would have been doomed.

[২:৬৪] কিন্তু তোমরা সেই তখন থেকেই সরে গেলে, তোমাদের প্রতি এ আল্লাহ্‌র পরম অনুগ্রহ, ও তাঁর পরম করুণা যদি না থাকত, তোমাদের তো সর্বনাশই হয়েগেছিল।

[2:65] You have known about those among you who desecrated the Sabbath. We said to them, "Be you as despicable as apes."

[২:৬৫] তোমাদের মধ্যকার যারা সাক্বাতকে (শনিবারকে) কলুষিত করেছিল, তাদের সম্বন্ধে তো তোমাদের জানা আছে। আমরা তাদের বলেছিলাম "হয়ে যা তোরা ঘৃণ্য লেজবিহীন বানরদের মত।"

[2:66] We set them up as an example for their generation, as well as subsequent generations, and an enlightenment for the righteous.

[২:৬৬] আমরা তাদেরকে তাদের সমসাময়িক ও পরবর্তী বংশধরদের জন্য এক বিশেষ দৃষ্টান্ত হিসেবে স্থাপন করেছি, এবং সৎপথাবলম্বীদের জন্য এক শিক্ষাদান।

*The Helper**

*বকনা বাছুর**

[2:67] Moses said to his people, "GOD commands you to sacrifice a heifer." They said, "Are you mocking us?" He said, "GOD forbid, that I should behave like the ignorant ones."

[২:৬৭] মূসা তার জাতিকে বলেছিল, "আল্লাহ্‌ তোমাদেরকে একটি বকনা বাছুর উৎসর্গ করার আদেশ করেন।" তারা বলল, "আপনি কি আমাদের উপহাস করতেছেন?" সে বলল, "আল্লাহ্‌ না করুক, যে আমি অজ্ঞদের মত আচরণ করতে যাবো।"

**2:67 Although this sura contains important laws and commandments, including the contact prayers, fasting, Hajj pilgrimage, and the laws of marriage, divorce, etc., the name given to the sura is "The Helper." This reflects the crucial importance of submission to God and immediate, unwavering obedience to our Creator. Such submission proves our belief in God's omnipotence and absolute authority. See also the Bible's Book of Numbers, Chapter 19.*

**২:৬৭ যদিও এই সূরাতে গুরুত্বপূর্ণ বিধান এবং আদেশাবলীর উল্লেখ রয়েছে, যেমন সংযোগ প্রার্থনা, উপবাস, হজ্জ তীর্থযাত্রা, আর বিবাহ, বিবাহ-বিচ্ছেদের নিয়ম-কানুন, ইত্যাদি, এই সূরার নাম দেওয়া হয়েছে "বকনা বাছুর।" এতে প্রতিফলিত হয় আল্লাহ্‌র নিকট আত্মসমর্পণ করার এবং আমাদের স্রষ্টার কাছে তাৎক্ষণিক অনড় আনুগত্য হওয়ার চরম গুরুত্ব। এমন আত্মসমর্পণ প্রমাণ করে দেয় আল্লাহ্‌র অসীম শক্তি এবং সম্পূর্ণ কর্তৃত্বের উপর আমাদের দৃঢ় বিশ্বাস। বাইবেলে "গণনা পুস্তকের" এর ১৯তম অধ্যায়ও দেখুন।*

[2:68] They said, "Call upon your Lord to show us which one." He said, "He says that she is a heifer that is neither too old, nor too young; of an intermediate age. Now, carry out what you are commanded to do."

[২:৬৮] তারা বলল, "আপনার পালনকর্তাকে ডেকে বলেন যেন আমাদের দেখান তা কোনটি।" সে বলল, "তিনি বলেন এমন এক বকনা বাছুর যা না বেশি বুড়ো, আর না বাছুর; বরং এর মধ্যবর্তী বয়সী। এখন তোমাদেরকে যা করার জন্য আদেশ দেওয়া হয়েছে, তা সম্পাদন কর।"

[2:69] They said, "Call upon your Lord to show us her color." He said, "He says that she is a yellow heifer, bright colored, pleases the beholders."

[২:৬৯] তারা বলল, "আপনার পালনকর্তাকে ডেকে বলেন যেন আমাদেরকে তার রঙ দেখান।" সে বলল, "তিনি বলেন সে এক হলুদ বর্ণের গাভী, উজ্জ্বল রঙ, যা দর্শকদের মন কেড়ে নেয়।"

[2:70] They said, "Call upon your Lord to show us which one. The heifers look alike to us and, GOD willing, we will be guided."

[২:৭০] তারা বলল, "আপনার পালনকর্তাকে ডেকে বলেন যেন তিনি স্পষ্ট করে দেখিয়ে দেন তা কোনটি। কেননা সব বকনা বাছুরই আমাদের কাছে দেখতে এক মনে হয়, আর আল্লাহ্ চাইলে, আমরা সুপথে চালিত হইব।"

[2:71] He said, "He says that she is a heifer that was never humiliated in plowing the land or watering the crops; free from any blemish." They said, "Now you have brought the truth." They finally sacrificed her, after this lengthy reluctance.

[২:৭১] সে বলল, "তিনি বলেন, যে বকনা বাছুরটি এমন এক গাভী যাকে দিয়ে কখনও জমি চাষ, বা ক্ষেতে পানি দিয়ে অপদস্ত করা হয় নাই; যার মধ্যে কোনো খুঁত নেই।" তারা বলল "এবার আপনি সত্য এনেছেন।" অবশেষে তারা গাভীটিকে উৎসর্গ করল, এত দীর্ঘ বিমুখতার পর।

Purpose of the Heifer

বকনা বাছুরের ভূমিকা

[2:72] You had killed a soul, then disputed among yourselves. GOD was to expose what you tried to conceal.

[২:৭২] তোমরা একটি আত্মাকে হত্যা করেছিলে, তারপর নিজেদের মধ্যে তর্কবিতর্কে মেতে ওঠলে। যা তোমরা গোপন করার চেষ্টা করেছিলে, আল্লাহ্ সেটি খুলে দেখাবার ছিলেন।

[2:73] We said, "Strike (the victim) with part (of the heifer)." That is when GOD brought the victim back to life, and showed you His signs, that you may understand.

[২:৭৩] আমরা বললাম, "এ (গাভীর) কোন অংশ দিয়ে (ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে) আঘাত কর।" ঠিক তারই পর আল্লাহ্ মৃত ব্যক্তিকে পুনর্জীবিত করলেন, এবং তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখালেন, যাতে তোমরা বুঝতে পার।

[2:74] Despite this, your hearts hardened like rocks, or even harder. For there are rocks from which rivers gush out. Others crack and release gentle streams, and other rocks cringe out of reverence for GOD. GOD is never unaware of anything you do.

[২:৭৪] এর পরেও, তোমাদের হৃদয় পাথরের মত কঠিন হয়ে গেল, এমনকি তারচেয়েও অনেক কঠিন। কেননা পাথরের মাঝে তো এমনও আছে যা থেকে প্রবল বেগে বের হয়ে আসে নদনদী। অন্যান্যগুলিতে ফাটল ধরে এবং তা থেকে বেরোয় শান্ত জলস্রোত, আর এমনও আছে যা আল্লাহর ভয়শ্রদ্ধায় নুইয়ে পড়ে। তোমরা যা কিছুই কর তা থেকে আল্লাহ কখনও বেখবর নন।

Distorting the Word of God

আল্লাহর বাণীকে বিকৃত করা

[2:75] Do you expect them to believe as you do, when some of them used to hear the word of GOD, then distort it, with full understanding thereof, and deliberately?

[২:৭৫] তোমরা কি আশা কর যে তারা তোমাদের মতই বিশ্বাস স্থাপন করবে, যখন নাকি তাদের কেউ কেউ আল্লাহর কথা শুনতো, আর তারপর তা বিকৃত করতো, ভাল করে বুঝে - জেনে শুনে ইচ্ছাকৃতভাবে?

Concealing the Word of God

আল্লাহর বাণীকে গোপন রাখা

[2:76] And when they meet the believers, they say, "We believe," but when they get together with each other, they say, "Do not inform (the believers) of the information given to you by GOD, lest you provide them with support for their argument concerning your Lord. Do you not understand?"

[২:৭৬] আর যখন তারা বিশ্বাসীদের সাথে দেখা করে, তারা বলে "আমরা বিশ্বাস এনেছি", কিন্তু যখন তারা তাদের একে অপরের সাথে জড়ো হয়, তারা বলে "আল্লাহর কাছ থেকে যাকিছু তোমাদেরকে দেওয়া হয়েছে, তা (বিশ্বাসীদেরকে) জানাইও না, না হয় দেখবে যে তোমরা তাদেরকে তোমাদের পালনকর্তা সম্বন্ধেই তাদের যুক্তিতর্ককে সমর্থন যোগিয়ে দেবে। তোমরা কি বুঝো না ?"

[2:77] Do they not know that GOD knows everything they conceal, and everything they declare?

[২:৭৭] তারা কি জানে না যে আল্লাহ সেরসবকিছু জানেন যা তারা গোপন করে, আর সেরসবকিছু যা তারা প্রকাশ করে?

[2:78] Among them are gentiles who do not know the scripture, except through hearsay, then assume that they know it.

[২:৭৮] তাদের মধ্যে আছে ইহুদী নয় এমন, যারা গ্রন্থের কোনকিছুই জানে না, শুনা গুজব ছাড়া, আর ধরে নেয় যে তারা তা সম্বন্ধে জানে।

[2:79] Therefore, woe to those who distort the scripture with their own hands, then say, "This is what GOD has revealed," seeking a cheap material gain. Woe to them for such distortion, and woe to them for their illicit gains.

[২:৭৯] অতএব, তাদের দুর্ভাগ্য যারা নিজেদের হাতে ধর্মগ্রন্থকে বিকৃত করে , তারপর বলে, "এটিই যা আল্লাহ্ প্রকাশ করেছেন," শুধু তুচ্ছ বস্তু লাভের প্রচেষ্টায়। এমন বিকৃতির কারণে তাদের দুর্ভাগ্য , এবং তাদের অবৈধ উপার্জনের জন্য তাদের দুর্ভাগ্য।

*Eternity of Heaven and Hell**

*অনন্তকালের বেহেস্ত ও দোযখ**

[2:80] Some have said, "Hell will not touch us, except for a limited number of days." Say, "Have you taken such a pledge from GOD—GOD never breaks His pledge—or, are you saying about GOD what you do not know?"

[২:৮০] কেউ কেউ বলেছে, "নরক আমাদেরকে স্পর্শ করবে না, গোণা কয়েকদিন ছাড়া।" বল, "তোমরা কি আল্লাহ্র থেকে এমন কোন দৃঢ় অঙ্গীকার নিয়েছ - আল্লাহ্ তো কখনও তাঁর অঙ্গীকার ভঙ্গ করেন না, - নাকি তোমরা আল্লাহ্র সম্বন্ধে এমন কিছু বলতেছ যা তোমরা জান না?"

**2:80-82 It is an established belief among corrupted Muslims that they will suffer in Hell only in proportion to the number of sins they had committed, then they will get out of Hell and go to Heaven. They also believe that Muhammad will intercede on their behalf, and will take them out of Hell. Such beliefs are contrary to the Quran (Appendix 8).*

**২:৮০-৮২ এটি দুর্নীতিগ্রস্ত মুসলমানদের মধ্যে এক স্থাপিত বিশ্বাস যে তারা নরকে তাদের কৃতপাপ অনুযায়ী থাকবে , তারপর তারা নরক থেকে বের হয়ে যাবে আর স্বর্গে প্রবেশ করবে। তারা এমনও বিশ্বাস করে যে মোহাম্মদ তাদের জন্য সুপারিশ করবেন, আর তাদেরকে নরক থেকে বের করে আনবেন। এমন বিশ্বাস কোরআনের শিক্ষার সাথে সাংঘর্ষিক (পরিশিষ্ট ৮)।*

[2:81] Indeed, those who earn sins and become surrounded by their evil work will be the dwellers of Hell; they abide in it forever.

[২:৮১] সত্যিই, যারা পাপ অর্জন করেছে এবং তাদের নিজেদের দুষ্টতার ঘেরাওতে পড়ে আছে, তারা হবে নরকের বাসিন্দা; তারা সেখানে থাকবে চিরকাল।

[2:82] As for those who believe, and lead a righteous life, they will be the dwellers of Paradise; they abide in it forever.

[২:৮২] আর যারা বিশ্বাস স্থাপন করেছে, এবং এক সৎপথাবলম্বী জীবন যাপন করে, তারা হবে স্বর্গের বাসিন্দা; তারা সেখানে থাকবে চিরকাল।

The Commandments

আদেশাবলী

[2:83] We made a covenant with the Children of Israel: "You shall not worship except GOD. You shall honor your parents and regard the relatives, the orphans, and the poor. You shall treat the people amicably. You shall observe the Contact Prayers (Salat) and give the obligatory charity (Zakat)." But you turned away, except a few of you, and you became averse.

[২:৮৩] আমরা ইজরেলের বংশধরদেরকে এক অঙ্গীকারে অঙ্গীকারবদ্ধ করেছিলামঃ "তোমরা আল্লাহ্ ছাড়া অন্য কার আরাধনা করবে না। তোমরা বাবার-মায়ের সম্মাণ করবে এবং ভাল আচরণ করবে আত্মীয়-স্বজনদের সাথে, অনাথদের সাথে, এবং দরিদ্রদের সাথে। তোমরা লোকজনদের প্রতি বন্ধুত্বের মনভাব রাখবে। তোমরা সংযোগ প্রার্থনা (সালাত) পর্যবেক্ষন করবে, এবং বাধ্যতামূলক দান (যাকাত) দেবে।", কিন্তু তোমাদের অল্প কয়েকজন বাদে সবাই সরে গেল, আর বিমুখ হয়ে গেল।

[2:84] We made a covenant with you, that you shall not shed your blood, nor shall you evict each other from your homes. You agreed and bore witness.

[২:৮৪] আমরা তোমাদেরকে এক অঙ্গীকারে অঙ্গীকারবদ্ধ করেছিলাম, যে তোমরা একে অন্যের রক্তপাত করবে না, আর না তোমরা নিজেদের ঘর-বাড়ি থেকে একে অপরকে বের করে দেবে। তোমরা সম্মতি দিয়েছিলে এবং সাক্ষ্য ছিলে।

[2:85] Yet, here you are killing each other, and evicting some of you from their homes, banding against them sinfully and maliciously. Even when they surrendered, you demanded ransom from them. Evicting them was prohibited for you in the first place. Do you believe in part of the scripture and disbelieve in part? What should be the retribution for those among you who do this, except humiliation in this life, and a far worse retribution on the Day of Resurrection? GOD is never unaware of anything you do.

[২:৮৫] তা সত্ত্বেও, এই-যে তোমরা পরস্পরকে হত্যা করে যাচ্ছে, আর তোমাদের কাউকে তোমরা তাদের ঘর থেকে বের করে দিচ্ছে, তাদের বিরুদ্ধে জড়ো হচ্ছে পাপ ও বিদ্বেষে লিপ্ত হয়ে। এমনকি যখন তারা নিজেদের সমর্পণ করলো, তখন তোমরা তাদের থেকে মুক্তিপণের দাবী করলে। যখন মূলত তাদেরকে উচ্ছেদ করাটাই ছিল তোমাদের জন্য অবৈধ। তোমরা কি গ্রহের কিছু অংশকে স্বীকার কর আর কিছু অংশে কি অস্বীকার কর? তোমাদের মাঝে যারা এমন করে, তাদের কেমন শাস্তি হওয়া উচিত, এই ছাড়া যে এই জীবনে তাদের জন্য অপমান, এবং পুনরুত্থানের দিনে- এর চেয়েও কঠোর উচিত শাস্তি? তোমরা যাকিছু কর, আল্লাহ্ তা সম্পর্কে বেখবর নন।

[2:86] It is they who bought this lowly life at the expense of the Hereafter. Consequently, the retribution is never commuted for them, nor can they be helped.

[২:৮৬] এরা তারাই যারা পরকালের বদলে এ তুচ্ছ জীবন কিনে নিয়েছে। ফলে, তাদের জন্য উচিত শাস্তি কখনও কম করা হয় না, আর না তারা সাহায্যিত হয়।

The Prophets of Israel

ইজরেলের নবীগণ

[2:87] We gave Moses the scripture, and subsequent to him we sent other messengers, and we gave Jesus, son of Mary, profound miracles and supported him with the Holy Spirit. Is it not a fact that every time a messenger went to you with anything you disliked, your ego caused you to be arrogant? Some of them you rejected, and some of them you killed.

[২:৮৭] আমরা মূসাকে ধর্মগ্রন্থ দিয়েছিলাম, এবং তার পরে পর্যায়ক্রমে অন্যান্য রাসুলদের পাঠিয়েছিলাম, আর আমরা ঈসা, মরিয়মের পুত্রকে প্রদান করেছিলাম সুবিন্যস্ত অলৌকিক ঘটনাসমূহ এবং পবিত্র আত্মার মাধ্যমে তাকে সমর্থন করেছিলাম। এটি কি বাস্তব সত্য না যে, প্রত্যেক সময় যখন কোন রাসূল তোমাদের কাছে এমনকিছু নিয়ে আসলো যা তোমরা অপছন্দ করলে, তখন তোমাদের অহমিকা তোমাদেরকে উদ্ধত করে দিল? তাদের কাউকে তোমরা প্রত্যাখান করলে, আর কাউকে করেছিলে হত্যা।

Tragic Statement: "My mind is made up!"

দুঃখজনক উক্তিঃ "আমাদের মনঃস্থির করা!"

[2:88] Some would say, "Our minds are made up!" Instead, it is a curse from GOD, as a consequence of their disbelief, that keeps them from believing, except for a few of them.

[২:৮৮] কেউ বলে, "আমাদের মনঃস্থির করা!"। না বরং, এটি আল্লাহর অভিশাপ, এ হচ্ছে তাদের অবিশ্বাসের পরিণাম, যা তাদেরকে বিশ্বাস লাভ করা থেকে ধরে রাখতেছে, তাদের অল্প ক'জন বাদে।

The Quran Consummates All Scriptures

কোর'আন সব গ্রন্থসমূহকে পূর্ণাঙ্গ করে

[2:89] When this scripture came to them from GOD, and even though it agrees with, and confirms what they have, and even though they used to prophesy its advent when they talked with the disbelievers, when their own prophecy came to pass, they disbelieved therein. GOD's condemnation thus afflicts the disbelievers.

[২:৮৯] যখন আল্লাহর কাছ থেকে তাদের কাছে এই ধর্মগ্রন্থটি অবতীর্ণ হল, আর যদিও এ তার সম্মতি ও সমর্থন করে যা তাদের কাছে আছে, এবং যদিও এরা এর আগমনের ভবিষ্যদ্বানী অবিশ্বাসীদের সাথে করে বেড়াতো যখনি তাদের সাথে কথা বলত; আর এখন যখন তাদের আপন ভবিষ্যদ্বানী সত্য হয়েছে, তারা এতে অবিশ্বাস করলো। আল্লাহর অভিশাপ তাই অবিশ্বাসীদের পরে।

[2:90] Miserable indeed is what they sold their souls for—rejecting these revelations of GOD out of sheer resentment that GOD should bestow His grace upon whomever He chooses from among His servants. Consequently, they incurred wrath upon wrath. The disbelievers have incurred a humiliating retribution.

[২:৯০] সত্যিই যার জন্য তারা তাদের আত্মা বিক্রি করেছে, তা বড়ই শোচনীয় - আল্লাহর প্রকাশণাবলীকে প্রত্যাখান করে যাচ্ছে, খালি অপমানবোধের কারণে, যে আল্লাহ তাঁর পরম অনুগ্রহ তাঁর দাসদের মধ্য থেকে যাকে খুশী তাকে দেন। ফলে , তারা তীব্র থেকে তীব্রতর ক্রোধ নিজেদের উপর টেনে নিল। অবিশ্বাসীরা এক লাঞ্ছনাদায়ক উচিত শাস্তি নিজেদের উপর টেনে নিল।

[2:91] When they are told, "You shall believe in these revelations of GOD," they say, "We believe only in what was sent down to us." Thus, they disbelieve in subsequent revelations, even if it is the truth from their Lord, and even though it confirms what they have! Say, "Why then did you kill GOD's prophets, if you were believers?"

[২:৯১] যখন তাদেরকে বলা হয়, "তোমরা আল্লাহর এসব প্রকাশণাবলীতে বিশ্বাস স্থাপন করবে," তারা বলে, "আমরা কেবল তাতে বিশ্বাস করি যা আমাদের কাছে অবতীর্ণ করা হয়েছিল।" আর তাই, তারা পরবর্তী প্রকাশণাবলীতে অবিশ্বাস করে, যদিও এটিই তাদের পালনকর্তার পক্ষ থেকে পাঠানো সত্য, এবং যদিও এটি তাদের নিকট যা আছে তার সমর্থন করে, তারপরেও! বল, "তবে কেন তোমরা আল্লাহর নবীদের হত্যা করে গেছ, যদি তোমরা বিশ্বাসী হয়ে থাক?"

Learning From Israel's History

ইজরেলের ইতিহাস থেকে শিক্ষাগ্রহণ

[2:92] Moses went to you with profound miracles, yet you worshiped the calf in his absence, and you turned wicked.

[২:৯২] মূসা তোমাদের কাছে নানান অলৌকিক ঘটনাসমূহ নিয়ে এসেছিল , তবুও তোমরা তার অবর্তমানে বাছুরকে পূজা করলে , আর তোমরা হয়ে গেলে অসৎ অন্যায়কারী।

[2:93] We made a covenant with you, as we raised Mount Sinai above you, saying, "You shall uphold the commandments we have given you, strongly, and listen." They said, "We hear, but we disobey." Their hearts became filled with adoration for the calf, due to their disbelief. Say, "Miserable indeed is what your faith dictates upon you, if you do have any faith."

[২:৯৩] আমরা তোমাদেরকে এক অঙ্গীকারে অঙ্গীকারাবদ্ধ করেছিলাম, যেমনি তোমাদের উপর তুর পর্বতকে তুলে ধরেছিলাম , এই বলে যে, "তোমরা আদেশাবলীকে মেনে চলবে যা আমরা তোমাদেরকে দিয়েছি, দৃঢ়ভাবে, আর মনোযোগ দিয়ে শুনবে।" তারা বললো, "আমরা শুনছি, কিন্তু আমরা অমান্য করছি।" তাদের হৃদয় বাছুরপ্রেমে ভরে গেছিল , তাদের অবিশ্বাসের কারণে। বল, "সত্যিই বড় শোচনীয় যা তোমাদের ধর্মবিশ্বাস তোমাদের নির্দেশ দেয়, তাও যদি তোমাদের কোন ধর্মবিশ্বাস থেকে থাকে।"

[2:94] Say, "If the abode of the Hereafter is reserved for you at GOD, to the exclusion of all other people, then you should long for death, if you are truthful."

[২:৯৪] বল, "যদি আল্লাহর কাছে পরকালের আবাস সব মানুষ জাতিকে ফেলে শুধুমাত্র তোমাদের জন্য সংরক্ষিত থেকে থাকে, তাহলে তো তোমাদের মৃত্যুকে আগ্রহের সাথে আকাঙ্ক্ষা করা উচিত , যদি তোমরা সত্যবাদী হয়ে থাক।"

[2:95] They never long for it, because of what their hands have sent forth. GOD is fully aware of the wicked.

[২:৯৫] তারা কখনও এর আকাঙ্ক্ষা করে না, এর কারণ হচ্ছে সেই উপার্জন যা তাদের হাত সামনে পাঠিয়ে দিয়েছে। আল্লাহ্ দুষ্টলোকদের সম্পর্কে সম্পূর্ণরূপে জানেন।

[2:96] In fact, you will find them the most covetous of life; even more so than the idol worshipers. The one of them wishes to live a thousand years. But this will not spare him any retribution, no matter how long he lives. GOD is seer of everything they do.

[২:৯৬] বাস্তবিকপক্ষে, তুমি তাদেরকে বেঁচে থাকার সর্বাপেক্ষা অধিক লোভী পাবে ; এমনকি বহুখোদাবাদীদের থেকেও বেশী। এদের এক একজন মনে মনে হাজার বৎসর বাঁচবার আকাঙ্ক্ষা করে। কিন্তু তা তো আর তাকে কোন উচিত শাস্তি থেকে রক্ষা করবে না, সে যত কালই বাচুক না কেন। বস্তুতঃ তারা যা করে, আল্লাহ্ তার সম্যক দ্রষ্টা।

Gabriel Mediates the Revelation

জীবরাঈল প্রকাশণাবলীকে মধ্যস্থিত করেন

[2:97] Say, "Anyone who opposes Gabriel should know that he has brought down this (Quran) into your heart, in accordance with GOD's will, confirming previous scriptures, and providing guidance and good news for the believers."

[২:৯৭] বল, "যে কেউ জীবরাঈলের বিরোধিতা করে, তার জেনে রাখা উচিত যে, সে আল্লাহ্র অনুমতিক্রমে তোমার অন্তরে এ (কোর 'আন)কে অবতীর্ণ করেছে, যা পূর্ববর্তী গ্রন্থসমূহকে নিশ্চিত করেছে, আর বিশ্বাসীদের জন্য নিয়ে এসেছে সু-পথপ্রদর্শন ও সু-সংবাদসমূহ।"

[2:98] Anyone who opposes GOD, and His angels, and His messengers, and Gabriel and Michael, should know that GOD opposes the disbelievers.

[২:৯৮] যে কেউ আল্লাহ্র, এবং তাঁর ফেরেস্টাদের, এবং তাঁর রাসুলদের, আর জীবরাঈল ও মীকাঈলের বিরোধিতা করে, তার জানা দরকার যে আল্লাহ্ অবিশ্বাসীদের বিরোধিতা করেন।

[2:99] We have sent down to you such clear revelations, and only the wicked will reject them.

[২:৯৯] আমরা তোমার কাছে কত সুস্পষ্ট প্রকাশণাবলী অবতীর্ণ করেছি , আর যা কেবল দুষ্টপ্রকৃতিই প্রত্যাখ্যান করবে।

[2:100] Is it not a fact that when they make a covenant and pledge to keep it, some of them always disregard it? In fact, most of them do not believe.

[২:১০০] এটি কি বাস্তব সত্য নয় যে যখন তারা কোনো অঙ্গীকার করে এবং তা রক্ষা করার প্রতিজ্ঞা করে, তাদের কেউ কেউ তা সর্বদাই অগ্রাহ্য করে? আসলে, তাদের অধিকাংশই বিশ্বাস করে না।